| | | |
|---|---|---|
| **कोल इण्डिया लिमिटेड**<br>**कंपनी सचिवालय**<br>**3** तल्ला, कोर-2, प्रेमिसेस-04-एमआर,प्लॉट-ए एफ-III,एक्शन एरिया-1A, न्यूटाउन, रजरहट, कोलकाता-700156, फोन-**0332324555,**<br>ईमेल: **complianceofficer.cil@coalindia.in**<br>वेबसाइट: www.coalindia.in<br>सी आई एन - L23109WB1973GOI028844 | एक महारत्न कंपनी<br>**A Maharatna Company** | **Coal India Limited**<br>**Company Secretariat**<br>Regd. Office:3rd floor, Core-2 Premises no-04-MAR, Plot no-AF-III, Action Area-1A, Newtown, Rajarhat,Kolkata-700156<br>PHONE; 033-2324-5555,<br>E-MAIL: complianceofficer.cil@coalindia.in<br>WEBSITE: www.coalindia.in<br>CIN- L23109WB1973GOI028844 |

Ref.No.CIL:XI(D):4157/4156:2026:34756 Dated:28.04.2026

To,
Listing Department,
Bombay Stock Exchange Limited,
14th Floor, P.J. Towers, Dalal Street,
Mumbai – 400 001
Scrip Code 533278

To,
Listing Department,
National Stock Exchange of India Limited,
Exchange Plaza, Bandra Kurla Complex,
Bandra (E), Mumbai – 400 051.
Ref: ISIN – INE522F01014

**Sub: - Newspaper publication on "Audited Financial Results of Coal India Limited (Standalone & Consolidated) for the 4th Quarter and Financial Year ended 31st March' 2026 "**

महोदय/महोदया,

We are enclosing copies of newspaper publication issued in one English newspaper viz "The Hindu Business Line" and Bengali newspaper viz "Bartaman" published on date on the captioned subject.

This is for your information and record please.

Yours faithfully,

**For Coal India Limited**

BIJAY PRAKASH DUBEY Digitally signed by BIJAY PRAKASH DUBEY Date: 2026.04.28 12:24:59 +05'30'

(बी पी दुबे/B. P Dubey)
Executive Director (CS)/ कार्यकारी निदेशक( कंपनी सचिव)
& Compliance Officer/कम्प्लायंस ऑफिसर

Encl: As above

# FinMin suggests no immediate recalibration of spending

**EXPENDITURE STUDY.** FY27 cash management guidelines unchanged; subsidy review kept on hold

**Shishir Sinha**
New Delhi

Amid growing concerns that escalating tensions in West Asia could disrupt crude-linked costs and strain India's fiscal arithmetic, the Finance Ministry has signalled confidence in its budget management, stating that most of the FY26 fiscal indicators have been achieved.

Officials indicated that the FY27 expenditure rollout had commenced as scheduled, suggesting that Ministries are proceeding without any immediate recalibration of spending plans.

While fiscal stability remains intact for now, officials noted that the government maintains the flexibility to review key allocations, especially fertilizer and oil subsidies, at a later stage, should global commodity price volatility necessitate a response.


Subsidy outgo linked to imported inputs could emerge as a key pressure point if geopolitical volatility persists.

"Initial numbers suggest that most of the fiscal indicators for FY26 have been met," a senior government official said.

Adding to this, another official said that direct tax numbers are being reconciled, and figures will be made public soon.

Earlier, officials said that revenues from customs duty came in at 102 per cent of the RE, while it was 101 per cent of the RE for excise duty.

The Central GST collection came in at 100.8 per cent of the RE for FY26. Complete official data of all the fiscal indicators — revenue, expenditure and fiscal deficit — will be out by the end of next month.



Source: Budget Documents, CGA

### EXPENDITURE IN FY27

Meanwhile, the first official noted that FY27 expenditure commenced as scheduled in April. "Individual ministries and departments are proceeding with the Monthly Expenditure Plans (MEP) and Quarterly Expenditure Plans as originally finalised," the official stated.

Under the cash management guidelines, 55 Central Ministries/Departments are expected to spend 25 per cent of their budget allocation during each of 3 quarters, while during the fourth quarter there is capping of 33 per cent on expenditure with 15 per cent alone in March.

"As of now, there is no change in the cash management guidelines," the official said.

### FERTILIZER & FUEL

When asked about a potential review of fertilizer and fuel subsidies, the official noted that such a reassessment would only be considered after some time, once the impact of global volatility becomes clearer.

"No doubt urea prices in global market have gone up, but imported urea has a small share in overall supply. Also, effort is being made to provide more gas to fertilizer plants to ensure higher domestic production," he said, while underlining that requirement of subsidy will be met.

For the current fiscal, allocation for fertilizer subsidy has been pegged at around ₹1.71 lakh crore, while for fuel it is over ₹12,000 crore.

There are also indications that three oil marketing companies — Indian Oil, HPCL and BPCL — are likely to get compensation for selling LPG below cost price. Last year, they were given ₹30,000 crore as compensation, while in 2022, they were given ₹22,000 crore. However, this time amount could be much higher.

# India, New Zealand sign FTA for 'predictable, rule-based trade'

**Amiti Sen**
New Delhi


**BOLSTERING TIES.** Commerce Minister Piyush Goyal being felicitated by New Zealand's Trade and Investment Minister Todd McClay in New Delhi on Monday ANI

Amid deepening global uncertainty, India and New Zealand signed a bilateral free trade agreement (FTA) on Monday, 13 months after negotiations began. The deal grants duty-free access to all Indian goods and increases market access for 95 per cent of New Zealand's exports.

The pact, which commits New Zealand to facilitate $20 billion in investment into India over 15 years and aims to double bilateral trade in goods and services to $5 billion within five years, is expected to be implemented by year-end following New Zealand's parliamentary ratification.

The FTA was signed in Delhi by Commerce & Industry Minister Piyush Goyal and New Zealand Trade Minister Todd McClay. "At a time of global uncertainty, this FTA is a clear commitment by both sides to stable, predictable and rules-based trade," said New Zealand Prime Minister Christopher Luxon in a message read by McClay.

### A HISTORIC STEP: PM

Prime Minister Narendra Modi said the agreement is a historic step toward shared prosperity. "The $20 billion investment will strengthen cooperation in agriculture, manufacturing and technology," Modi said in a statement read by Goyal.

Immediate duty elimination on all Indian goods will boost labour-intensive sectors like textiles, engineering and leather, which currently face New Zealand tariffs of up to 10 per cent.

Goyal added that Indian textile hubs and MSME-driven sectors would see strengthened integration into global value chains.

India also secured New Zealand's "best-ever" services offer across 118 sectors. Key provisions include a new TEE visa pathway for 5,000 Indian professionals and removed caps for students, who gain guaranteed 20-hour weekly work rights and extended post-study visas, up to three years for STEM graduates and four years for PhD holders.

For New Zealand, over half of exports to India will see tariffs eliminated immediately, rising to 80 per cent once fully phased in. Sheep meat, wool, coal and forestry items will benefit from immediate duty elimination.

New Zealand farmers also gain duty-free kiwifruit exports within a substantial quota and a 50 per cent tariff cut for apples subject to a quota. Wine tariffs will drop from 150 per cent to 25 per cent or 50 per cent (depending on the value of the wine) over ten years, supported by a Most Favoured Nation (MFN) commitment.

Additionally, manuka honey tariffs will fall from 66 per cent to 16.5 per cent over five years, while dairy ingredients for re-export gain duty-free access from day one, the New Zealand government noted in a statement. The FTA further provides duty-free access for bulk infant formula over seven years and for cherries, avocados and blueberries over 10 years.

The MFN commitment on wine and services will ensure that in case India-New Zealand FTA comes into force before India's free trade pact with the EU, better access secured by the bloc for its wine and services will be extended to New Zealand exporters as well, per the New Zealand government. India's goods exports to New Zealand were valued at $711 million in FY25 while services exports in 2024 were at $634 million, per government figures.

**WHAT INDIA GAINS**

- Zero-duty market access for 100% of India's exports from day one
- Labour-intensive goods like textiles, footwear, engineering, gems & jewellery to benefit
- Investment commitment of $20b to fuel agriculture, manufacturing, infra and start-ups
- Quota of 5,000 visas and stay of up to three years for professionals
- No numerical caps on Indian students, guaranteed 20 hours work per week

**AND FOR NEW ZEALAND...**

- Duty-free access for 57% of exports from day one, increasing to 82% gradually
- Immediate tariff elimination on sheep meat, wool, coal and most forestry and wood exports
- Market access for cherries, kiwifruit, cherries, avocados, persimmons and blueberries
- Tariffs on wine reduced to 25-50% over 10 years plus MFN
- Duty-free access for bulk infant formula, other high-value dairy preparations over 7 years

# 'India-New Zealand FTA will give major boost to exports'

**Press Trust of India**
New Delhi/Mumbai

The free trade agreement (FTA) signed between India and New Zealand will give a major boost to domestic exports as it would provide duty-free access to all Indian goods, say experts.

The pact was signed by Commerce Minister Piyush Goyal and visiting New Zealand's Trade and Investment Minister Todd McClay.

Chandrajit Banerjee, Director General, CII, said the FTA marks a significant milestone for Indian industry and will substantially enhance the competitiveness of Indian exports.

"By eliminating tariffs on key sectors such as textiles, leather, ceramics and auto components, it unlocks new avenues for scale, market diversification, and sustained export growth. The agreement will enhance productivity, reduce trade costs and provide strong support to MSMEs," he added.

Gulzar Didwania, Partner, Deloitte India, said that due to the pact, manufacturing, pharmaceuticals, IT and professional services stand to benefit due to reduced tariffs as well as expanded market access.

"From India's perspective, the investment commitment of $20 billion creates investment opportunities in agri technology, food processing, logistics and services through a structured investment facilitation framework," Didwania said. International trade expert and Hi-Tech Gears Chairman Deep Kapuria said the FTA would be a "game changer" in bilateral trade relations.

"The real gain would be realised in the services sector, where under the FTA a new Temporary Employment Entry visa has been agreed for Indian professionals with a quota of 5,000 work visa," Kapuria said.

Apparel Export Promotion Council (AEPC) Chairman A Sakthivel said with 100 per cent duty-free access to the New Zealand market, Indian products will gain immediate price competitiveness, particularly in labour-intensive segments such as garments and textiles.

"This will support higher export volumes, job creation and growth of MSMEs across the value chain," he said.

The deal has the potential to triple India's ready-made garment (RMG) exports to New Zealand within the next two years.

Trade Promotion Council of India Chairman Mohit Singla said the agreement is expected to significantly enhance market access for agri-food products, including processed foods, beverages, spices, and marine products, by reducing tariffs and facilitating the overcoming of non-tariff barriers.

"The FTA also opens new avenues for high-growth segments such as organic and health foods, where Indian exporters are well-positioned to meet evolving consumer preferences in New Zealand," he said.

The Gem and Jewellery Export Promotion Council welcomed the signing of the India-New Zealand FTA, calling it a timely strategic move that opens up a high-potential market and is likely to drive additional exports of $50 million over the next three years.

"In today's turbulent global environment, India's continued progress in advancing and concluding FTAs enables the industry to strategically diversify its export markets and reduce overdependence on any single geography such as the US or regions like the GCC," GJEPC Chairman Kirit Bhansali said.

# Ceramic industry expects demand to pick up post West Asia war

**Our Bureau**
Mumbai

The ceramic industry is undergoing a significant transformation, transitioning from cost-driven manufacturing to a more value-oriented approach as it expects global demand to rebound after the war in West Asia ends.

Storico Ceramica, a Morbi-based porcelain and large format slab tiles manufacturer, has renewed its focus on exports. Established in 2023, the company has a production capacity of 57,600 sq m per day. The company targets to address bulk export requirements while maintaining consistency, an essential factor for largescale global projects.

Such alignment is helping exporters move up the value chain and compete more effectively in international markets, said the company. India has established itself as a major exporter in the ceramic segment, backed by strong manufacturing capabilities, cost efficiency and an integrated supply chain.

Over the years, exporters have expanded their presence across key markets, including West Asia, Africa, Latin America, and parts of Europe.

The export demand for ceramics is expected to increase once the West Asia war ends and logistics bottlenecks are removed. Growth has largely been driven by the ability to meet high-volume demand, offer competitive pricing and maintain flexible production systems tailored to diverse market requirements.

### STRATEGIC SHIFT

However, intensifying global competition is prompting a strategic shift toward value creation rather than volume-led growth.

A substantial portion of India's ceramic output originates from Morbi, Gujarat.

The cluster benefits from a dense concentration of manufacturing units, access to raw materials, a skilled workforce and well-developed logistics infrastructure.




**EXTRACT OF CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31.03.2026** (₹ in Crore Except EPS)

| Sl. No. | Particulars | Quarter ended | | | Year ended | |
|---|---|---|---|---|---|---|
| | | 31.03.2026 | 31.12.2025 | 31.03.2025 | 31.03.2026 | 31.03.2025 |
| | | | Restated | Restated | | Restated |
| | | Audited | Unaudited | Audited | Audited | Audited |
| 1 | Total Income from Operations | 46490.03 | 42436.73 | 43961.56 | 168400.29 | 169177.37 |
| 2 | Net Profit / (Loss) for the period (before tax, exceptional and/or extraordinary items) | 14626.75 | 9472.61 | 13070.44 | 41923.09 | 47163.44 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after exceptional and/or extraordinary items) | 14626.75 | 9472.61 | 13070.44 | 41923.09 | 47163.44 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after exceptional and/or extraordinary items) | 10839.18 | 7157.45 | 9751.64 | 31094.29 | 35505.78 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 11520.72 | 7298.60 | 9563.60 | 31528.08 | 34878.92 |
| 6 | Equity Share Capital (Face value of share ₹ 10/- each) | 6162.73 | 6162.73 | 6162.73 | 6162.73 | 6162.73 |
| 7 | Other Equity | | | | 112938.83 | 95557.59 |
| 8 | Earnings per share (EPS) (of ₹ 10 /-each)* | | | | | |
| | Basic: (in ₹) | 17.59 | 11.61 | 15.82 | 50.46 | 57.61 |
| | Diluted: (in ₹) | 17.59 | 11.61 | 15.82 | 50.46 | 57.61 |

* EPS is not annualised for the quarter ended

**EXTRACT OF STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31.03.2026** (₹ in Crore Except EPS)

| Sl. No. | Particulars | Quarter ended | | | Year ended | |
|---|---|---|---|---|---|---|
| | | 31.03.2026 | 31.12.2025 | 31.03.2025 | 31.03.2026 | 31.03.2025 |
| | | Audited | Unaudited | Audited | Audited | Audited |
| 1 | Total Income from Operations | 490.19 | 426.56 | 481.28 | 1577.28 | 1626.20 |
| 2 | Net Profit / (Loss) for the period (before tax, exceptional and/or extraordinary items) | 5870.93 | 4905.32 | 3197.92 | 19318.45 | 17097.50 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after exceptional and/or extraordinary items) | 5870.93 | 4905.32 | 3197.92 | 19318.45 | 17097.50 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after exceptional and/or extraordinary items) | 5533.67 | 4872.17 | 3148.87 | 18863.93 | 17016.56 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 5535.28 | 4877.21 | 3123.33 | 18854.40 | 16983.96 |
| 6 | Equity Share Capital (Face value of share ₹ 10/- each) | 6162.73 | 6162.73 | 6162.73 | 6162.73 | 6162.73 |
| 7 | Other Equity | | | | 14492.75 | 11908.12 |
| 8 | Earnings per share (EPS) (of ₹ 10 /-each)* | | | | | |
| | Basic: (in ₹) | 8.98 | 7.91 | 5.11 | 30.61 | 27.61 |
| | Diluted: (in ₹) | 8.98 | 7.91 | 5.11 | 30.61 | 27.61 |

* EPS is not annualised for the quarter ended

**Notes :**

1. The above are the extracts of the detailed formats of Consolidated (including subsidiaries/share in jointly controlled entities) and Standalone Financial Results for the quarter and year ended 31-03-2026 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Financial Results for the quarter and year ended 31-03-2026 are available on the Stock Exchange websites and on the Company's website.
Company's website : www.coalindia.in | BSE Limited: www.bseindia.com | NSE Limited: www.nseindia.com
2. The above financial results, have been reviewed and recommended by the Audit Committee and thereafter approved by the Board of Directors at their respective meetings held on 27-04-2026. As required under Regulation 33 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 as amended, the Statutory Auditors have audited the above financial results for the quarter and year ended 31-03-2026.
3. The financial results of the company have been prepared in accordance with the Companies (Indian Accounting Standards) Rules, 2015, ("Ind AS") prescribed under section 133 of the Companies Act, 2013. (For detailed notes refer to the websites mentioned in Note 1 above).

Dated: 27.04.2026
Place: Kolkata

Sd/-
(B. Sairam)
Chairman-Cum-Managing Director & CEO
DIN - 09784229

Sd/-
(Mukesh Agrawal)
Director (Finance) & CFO
DIN - 10199741

कोल भवन, परिसर सं. 04 एमएआर,
प्लॉट नं. एएफ-III, एक्शन एरिया-1ए, न्यू टाउन, राजरहाट, कोलकाता-700156
सीआईएन- L23109WB1973GOI028844

SCAN THE QR CODE TO VIEW THE AUDITED FINANCIAL RESULTS

EMPOWERING INDIA | NUTURING NATURE | ENABLING LIFE

**২৪ ঘণ্টায় ধৃত ১,০৯৫**

## দ্বিতীয় দফায় শান্তিশৃঙ্খলা রক্ষাই চ্যালেঞ্জ কমিশনের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দ্বিতীয় দফার ভোটে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মরিয়া নির্বাচন কমিশন। প্রথম দফার মতোই দ্বিতীয় দফায় সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে চিহ্নিত দুষ্কৃতীদের গ্রেপ্তারির ধারা অব্যাহত। রবিবার দুপুর থেকে সোমবার সকাল পর্যন্ত রাজ্যজুড়ে মোট ১ হাজার ৯৫ জন দুষ্কৃতীকে গ্রেপ্তার করা হয়েছে। শেষ ৩৬ ঘণ্টায় গ্রেপ্তার হয়েছে ১ হাজার ৫৪৩ জন। আগামী ২৪ ঘণ্টায় এই সংখ্যা আরও বাড়তে পারে বলে মনে করা হচ্ছে।

কমিশনের দেওয়া জেলাভিত্তিক পরিসংখ্যান অনুযায়ী সবথেকে বেশি ধরপাকড় হয়েছে পূর্ব বর্ধমান জেলায়। সেখানে ৪৭৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। উল্লেখ্য, এই তালিকায় পূর্ব বর্ধমানের তৃণমূল কাউন্সিলার নাড়ু ভগত রয়েছেন। তাঁর বিরুদ্ধে পুলিশকে হুঁশিয়ারি দেওয়ার অভিযোগ রয়েছে। উত্তর ২৪ পরগনায় গ্রেপ্তার করা হয়েছে ৩১৯ জনকে। রবিবার রাত থেকে উত্তপ্ত হয়ে ওঠে জগদ্দল। বিজেপি প্রার্থীকে খুনের চেষ্টার অভিযোগে তৃণমূল কাউন্সিলার সহ চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। তৃতীয় স্থানে রয়েছে দক্ষিণ ২৪ পরগনা, ২৪৬ জন। এছাড়াও কলকাতা উত্তর ১০৯, হুগলি ৪৯, নদীয়া ৩২ এবং হাওড়া জেলা থেকে ৩২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এখনও তল্লাশি অভিযান অব্যাহত রেখেছে পুলিশ। ফলে গ্রেপ্তারির সংখ্যা আরও বাড়তে চলেছে বলে খবর।

ভোটের আবহে অপ্রীতিকর ঘটনা এড়াতে এবং দুষ্কৃতীদের দৌরাত্ম্য রুখতে এই ব্যাপক ধরপাকড় অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। পুলিশের শীর্ষ মহল জানিয়েছে, এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে আগামী দিনেও এই পদক্ষেপ অব্যাহত থাকবে এবং দুষ্কৃতীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। উল্লেখ্য, ভোট শুরুর আগেই 'ট্রাবল মেকার' অর্থাৎ অশান্তি ছড়াতে পারে, এমন ব্যক্তিদের চিহ্নিত করে কমিশন। সেই তালিকা ঘিরে বিতর্ক শুরু হয়। তার বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয় তৃণমূল। আদালত ওই নির্দেশের উপর স্থগিতাদেশ দেয়। সোমবার বিকেলে প্রচারপর্ব শেষের পর কমিশন জানিয়েছে, এবার পাঁচ রাজ্য থেকে রেকর্ড অঙ্কের মদ, টাকা ও অবৈধ সামগ্রী উদ্ধার হয়েছে। হিসাব বলছে, এই অঙ্ক ৫০০ কোটি ছাপিয়ে গিয়েছে। মদ এবং বেআইনি টাকা সহ ৫১০ কোটির সামগ্রী বাজেয়াপ্ত করেছে নির্বাচন কমিশন। এর মধ্যে মদ ও মাদক উদ্ধার হয়েছে ২৩৬ কোটি টাকার বেশি। কমিশনের হিসাব অনুযায়ী, ২০২১ সালে এই অঙ্কটা ছিল কমবেশি ৩৩৯ কোটি টাকা।

## সবুজ আবির মজুত করুন, পরামর্শ অভিষেকের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দ্বিতীয় দফার নির্বাচনের ৩২ ঘণ্টা আগে দলের নেতা, কর্মী, বুথ এজেন্ট, স্বেচ্ছাসেবক ও সমর্থকদের সুবজ আবির কিনে মজুত করার পরামর্শ দিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোমবার রাত ১০টা নাগাদ এক্স-হ্যান্ডলে অভিষেক লিখেছেন, ৪ মে সবুজ আবিরের ব্যাপক সংকট হবে। গোটা রাজ্য সবুজ রংয়ে রেঙে উঠবে। তাই আবির কিনে মজুত করুন। রাজ্যের সব প্রান্তে রবীন্দ্র সংগীত তো বাজবেই, সঙ্গে একটু ডিজেও বাজবে। তৈরি হয়ে যান, আমাদের হৃদয়ে ইতিমধ্যেই উদযাপন শুরু হয়েছে, শুধু পথে তাল মেলানো বাকি!

## সিদ্ধিনাথ গুপ্তার চাকরির মেয়াদ বৃদ্ধি

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** রাজ্য পুলিশের ডিজি সিদ্ধনাথ গুপ্তর চাকরির মেয়াদ ছয় মাস বৃদ্ধি করল কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রক। ৩০ এপ্রিল তাঁর অবসর ছিল। ওই মেয়াদ আরো ছয় মাস বৃদ্ধি হয়েছে। রাজ্যের মুখ্যসচিবকে চিঠি পাঠিয়ে এমন নির্দেশই দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। ভোটের নির্ঘণ্ট ঘোষণার পরেই পশ্চিমবঙ্গ পুলিশের ডিজি পদে সিদ্ধিনাথকে নিয়োগ করেছিল কমিশন। তিনি ১৯৯২ ব্যাচের আইপিএস। সোমবার কেন্দ্রীয় মন্ত্রিসভার নিয়োগ কমিটির সচিবালয় বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে, সিদ্ধনাথের চাকরির মেয়াদ বৃদ্ধি নিয়ে প্রস্তাব দিয়েছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। সেই প্রস্তাবে সম্মতি দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভার নিয়োগ কমিটি। তারা জানিয়েছে, জনস্বার্থে ১৯৫৮ সালের অল ইন্ডিয়া সার্ভিস (ডেথ কাম রিটায়ারমেন্ট বেনিফিটস) আইনে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে সোমবারই মুখ্যসচিব দুষ্মন্ত নারিওয়ালার কাছে চিঠি দিয়ে নির্দেশ পাঠানো হয়েছে।

# প্রচারের পিচে 'ডবল সেঞ্চুরি' পার মমতার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কখনও প্রবল ঝড়বৃষ্টি। কখনও তীব্র দাবদাহ। কিছুই দাবিয়ে রাখতে পারেনি তাঁকে। বিজেপির বাংলা দখলের 'অপচেষ্টা' রুখে দিতে টানা ৩৫ দিন ছুটে বেড়িয়েছেন গোটা বাংলায়। ছুঁয়েছেন ২০০-র বেশি বিধানসভা কেন্দ্র, যা নির্বাচনি প্রচারের ক্ষেত্রে রেকর্ড বলেই মনে করছে রাজনৈতিক বিশ্লেষকরা। তাঁরা বলছেন, প্রচারের পিচে ডবল সেঞ্চুরি করে ফেলেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। প্রচারে সেঞ্চুরি করেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ও।

গত ২৫ মার্চ উত্তরবঙ্গের ময়নাগুড়ি টাউন ক্লাব মাঠে এবারের প্রথম নির্বাচনি জনসভা করেন মমতা। তার আগের দিনটাও ছিল গুরুত্বপূর্ণ। ওই দিন রাজনৈতিকভাবে বিজেপি বধের সুর বেঁধে দেন বাংলার অগ্নিকন্যা। উত্তরবঙ্গে পৌঁছেই তিনি চলে যান চালসার বাতাবাড়ি মহাবারি চার্চে। সেখানে একটি অনুষ্ঠানে বিজেপি শাসিত ওড়িশার ঢেঙ্কানলে খ্রিস্টানদের উপর হামলার প্রসঙ্গ উত্থাপিত হলে দেশের চিরাচরিত ঐতিহ্য ও বহুত্ববাদের কথা স্মরণ করিয়ে দেন মমতা। পরের দিন সভা থেকে হাজার হাজার মানুষের জমায়েতকে সাক্ষী রেখে বিজেপির বাংলা দখলের চক্রান্ত ভেস্তে দেওয়ার আহ্বান জানান। এসআইআরের নামে বাংলার যোগ্য ভোটারদের নাম কাটা এবং ধর্মের নামে মানুষে মানুষে বিভেদ সৃষ্টির বিরুদ্ধে গণতান্ত্রিকভাবে বদলা নেওয়ার ডাক দেন তিনি। মাঝে শুধু রামনবমীর দিনটি বাদ দিলে সোমবার পর্যন্ত প্রতিদিন তিন-চারটি জনসভা এবং পদযাত্রা করেছেন মমতা। জরুরি কাজের জন্য রমনবমীর দিনে তাঁকে কলকাতায় ফিরতে হলেও সেদিন বিকালেই তিনি রওনা হয়ে যান দুর্গাপুরের উদ্দেশে। পরের দিন সভা করেন পাণ্ডবেশ্বর এবং দুবরাজপুরে।

যে বিধানসভা এলাকার নেত্রীর কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে, তার



মমতার সঙ্গে প্রচারে তেজস্বী যাদব। -নিজস্ব চিত্র

পার্শ্ববর্তী একাধিক বিধানসভা কেন্দ্রের প্রার্থীও সেখানে উপস্থিত থেকেছেন। দেখা যাচ্ছে, এই ৩৫ দিনে ৯৪টির বেশি জনসভা এবং ১৭টি রোড-শো ও পদযাত্রায় নেতৃত্ব দিয়েছেন তিনি। যার ভিত্তিতে ২৩ এপ্রিল বউবাজারের জনসভা থেকে মমতা বলেন, 'আমি কিছু না হলেও ২০০ বিধানসভা কেন্দ্র টাচ করেছি। বহু জেলায় ৫০ ডিগ্রি তাপমাত্রা। লু বইছে। তাতেও র‌্যালি করেছি। অভিষেকও করেছে। দেব সহ অন্যান্যরাও করেছে।' অভিষেক ৬৯টি জনসভা করার পাশাপাশি পদযাত্রা ও রোড-শো করেছেন ১৭টি। এছাড়াও একাধিক কর্মিসভা ও বিধানসভাভিত্তিক পর্যালোচনা বৈঠক করেছেন তিনি।

২৩ এপ্রিল ছিল উত্তরবঙ্গ, জঙ্গলমহল এবং পূর্ব মেদিনীপুর জেলার ১৫২টি আসনে ভোটগ্রহণ। কাল, ২৯ এপ্রিল বাকি ১৪২ কেন্দ্রের মানুষ তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে চলেছেন। সোমবারই ছিল প্রচারের শেষ দিন। এদিন যাদবপুর সুলেখা মোড় থেকে গোপালনগর মোড় পর্যন্ত মেগা র‌্যালির মধ্যে দিয়ে এবারের মতো তাঁর নির্বাচনি প্রচার শেষ করেন মমতা। তবে দু'দিনে ভোট হওয়ায় একদিনে একাধিক জেলায় সভা করতে হয়েছে তাঁকে। এমনও হয়েছে, যেদিন তিনি এক দিনেই তিনটি জেলায় সভা এবং পদযাত্রা করেছেন। একাধিকবার গিয়েছেন উত্তরবঙ্গে। পয়লা বৈশাখে ইসলামপুরে জনসভা সেরে তিনি চলে যান শিলিগুড়ি। সেখানে পদযাত্রা করে দিনের তৃতীয় কর্মসূচি করেন নাগরাকাটায়। দক্ষিণবঙ্গে শহর, শহরতলি সহ প্রতিটি এলাকায় পৌঁছেছেন তিনি। গোটা রাজ্যে দলীয় প্রার্থীদের হয়ে লড়াইয়ের পাশাপাশি গত কয়েকদিন নিজের কেন্দ্র ভবানীপুরেও একাধিক সভা করেছেন তৃণমূল নেত্রী।

এই একমাসের বেশি সময়ে একাধিকবার কালবৈশাখী এবং প্রাকৃতিক দূর্যোগকে উপেক্ষা করেও প্রচারে ব্যস্ত থাকতে দেখা গিয়েছে তাঁকে। ২৬ মার্চ অন্ডাল থেকে ফেরার সময় প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে তাঁর বিমান। প্রায় দেড় ঘণ্টা আকাশে চক্কর কেটে কলকাতা বিমানবন্দরে অবতরণ সম্ভব হয়। এর জন্য তিনি পাইলটদের দক্ষতার সুখ্যাতি করে তাঁদের ধন্যবাদ জানিয়েছিলেন।



প্রচারপর্ব শেষ। নিয়ম মেনে মোছা হচ্ছে ভোটকেন্দ্র সংলগ্ন দেওয়াল লিখন। সোমবার দক্ষিণ কলকাতার ব্রড স্ট্রিটে তোলা নিজস্ব চিত্র।

## মমতাকে নিয়ে কুরুচিকর ভিডিয়ো ব্যবস্থা নেওয়ার নির্দেশ কমিশনের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দ্বিতীয় দফার ভোটের আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে নিয়ে কুরুচিকর মিমের ভিডিয়ো ছড়িয়ে পড়ার ঘটনায় পুলিশকে পদক্ষেপ করতে বলল নির্বাচন কমিশন। ওই ভিডিয়ো নিয়ে কোনো অভিযোগ না-থাকা সত্ত্বেও স্বতঃপ্রণোদিতভাবে পুলিশকে পদক্ষেপ করতে বলেছে কমিশন। সূত্রের খবর, ওই ভিডিয়ো নিয়ে তথ্য-প্রযুক্তি আইনে মামলা রুজু হতে পারে। গত শনিবার চক্রবেড়িয়ায় মুখ্যমন্ত্রীর সভার অদূরে মাইক বাজিয়ে প্রচার করে বিজেপি। তার ফলে কয়েক মিনিটের সংক্ষিপ্ত ভাষণ দিয়েই তা শেষ করে দেন মমতা বন্দ্যোপাধ্যায়। ওই ঘটনাকে কেন্দ্র করে ভিডিয়ো ছড়িয়ে পড়েছিল। নজরে আসতেই পদক্ষেপের নির্দেশ দিল কমিশন।

### চটজাত সামগ্রীর বরাত কমাচ্ছে কেন কেন্দ্র?

# প্রধানমন্ত্রীর মুখ থেকে কোনো আশ্বাস পেল না জুটমিল মহল্লা

**সঞ্জয় গঙ্গোপাধ্যায় • ভাটপাড়া**

চটকলের উপর নির্ভরশীল বারাকপুর শিল্পাঞ্চলের একটা বড় অংশের মানুষ। কেন্দ্রের ভ্রান্ত নীতির কারণে ধুঁকতে শুরু করেছে শতাব্দী প্রাচীন এই শিল্প। প্লাস্টিক লবির চাপে চটজাত সামগ্রীর বরাদ্দ ক্রমেই কমিয়ে চলেছে কেন্দ্রের পদ্মপার্টির সরকার। শেষ প্রহরের নির্বাচনি প্রচারে সোমবার চটকল মহল্লা ভাটপাড়ায় এসেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। চটশিল্পের পুনরুজ্জীবনে বড়সড় ঘোষণা শোনা যাবে মোদির মুখে—প্রত্যাশার প্রতীক্ষা নিয়ে ছিল গোটা চটকল মহল্লা। চটের বরাত বাড়বে কি না, তা নিয়ে কোনো স্পষ্টবার্তা শোনা গেল না বিজেপির পোস্টার বয়ের মুখে। বরং ভোট প্রচারের শেষ দিনে একগুচ্ছ প্রতিশ্রুতি বিলি করে গেলেন তিনি। বললেন, 'বারাকপুর শিল্পাঞ্চলে একডজন জুট মিল এবং কারখানা বন্ধ। বহু লোক কর্মহীন হয়ে রয়েছেন। আগে এই শিল্পাঞ্চলে বহু লোক চাকরি করতে আসতেন, এখন এখান থেকে চলে যাচ্ছেন। বিজেপি সরকার ক্ষমতায় এলে সব কারখানা খুলে যাবে, সমস্যার সমাধান হবে।' কিন্তু বন্ধ চটকল খোলার জন্য কাঁচামালের সরবরাহ এবং চটজাত সামগ্রীর বরাতটাই যে সবচেয়ে জরুরি, সে প্রসঙ্গের ধারেকাছেও গেলেন না প্রধানমন্ত্রী।

ভাটপাড়ার জিলাবি ময়দানের সভামঞ্চ থেকে মোদির আহ্বান—বাংলায় পদ্মফুলে ছাপ দিন। বিজেপি সরকার আনুন। পিএম আর রাজ্যের সিএম, একসাথে উন্নয়ন হবে দিনে-রাতে। গত সাড়ে তিনবছরের বেশি সময় ধরে বন্ধ করে রাখা হয়েছে ১০০ দিনের কাজে বাংলার প্রাপ্য। সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও বকেয়া টাকা মেটাচ্ছে না কেন্দ্র। কিন্তু নির্বাচনি সভা থেকে যে পাঁচটি 'গ্যারান্টি' মোদি বিলি করেছেন, তার মধ্যে রয়েছে গ্রামীণ এলাকার কাজের প্রসঙ্গটিও। ১০০ দিনের কাজ বন্ধ করে মোদির আশ্বাস—গ্রামে এবার ১২৫ দিনের কাজ পাবে মানুষ। গত ফেব্রুয়ারি মাসেই মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার চালু করেছে সপ্তম বেতন কমিশন। মোদির গ্যারান্টি, ক্ষমতায় এসেই লাগু করা হবে, 'চালু' হয়ে যাওয়া সেই বেতন কমিশন।

প্রচারে এসে এ রাজ্যের মানুষের 'মুড' বুঝেছেন বলে বারবার দাবি করছেন মোদি। একধাপ এগিয়ে এদিন বলেছেন, 'প্রচার শেষ করলাম। তবে রাজ্যে নতুন বিজেপি সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানে ফের আসব। রাজ্যের নানা প্রান্তে প্রচার কর্মসূচিতে গিয়েছি। মানুষের যা সাড়া পেয়েছি, সেটাই সব ক্লান্তি ভুলিয়ে দিয়েছে। আপনাদের দেখে বিশ্বাস রাখছি, অঙ্গ এবং কলিঙ্গের পরে বঙ্গেও পদ্ম ফুটবে।'

স্বামী বিবেকানন্দের নাম আর নেতাজি সুভাষচন্দ্রের আহ্বানকে 'জুড়ে' ভোট প্রচারে 'ঘেঁটে ঘ' করেছিলেন বুলডোজার রাজনীতির প্রণেতা যোগী আদিত্যনাথ। বাঙালি সাজার চেষ্টায় 'হোমওয়ার্ক' যে ভালো হয়নি, তা উপলব্ধিতে নিয়েছে গেরুয়া শিবিরও। ড্যামেজ কন্ট্রোলে নেমেছেন মোদি। বললেন, 'নেতাজি বলেছিলেন, তোমরা রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব। আমি বলছি, তোমরা পদ্মফুলে ভোট দাও, তোমরা প্রকৃত স্বাধীনতা পাবে। বাংলা তার স্বমহিমায় ফিরে আসবে।' এদিনের সভায় বহিরাগতদের ভিড় ছিল এবং পুলিশের স্টিকার লাগানো গাড়িতে চেপে বহিরাগতরা এসেছেন বলে অভিযোগ ভাটপাড়ার তৃণমূল প্রার্থী অমিত গুপ্তার।

### সোনা রুপার দর

পাকা সোনার বাট (৯৯৫০) ১,৫১,৮০০ টাকা (১০গ্রাম)
পাকা সোনার বাট (খুচরো) ১,৫২,৫৫০ টাকা (৯৯৫০) (১০ গ্রাম)
গহনা সোনা (৯১৬) ১,৪৫,০০০ টাকা (১০গ্রাম)
রূপার বাট (৯৯৯) ২,৪৫,৩০০ টাকা (প্রতি কেজি)
রূপা খুচরো (প্রতি কেজি) ২,৪৫,৪০০ টাকা
[মূল্যযুক্ত ৩% জি. এস. টি আলাদা]

### ডলার-পাউন্ড

| | ক্রয় মূল্য | বিক্রয় মূল্য |
|---|---|---|
| ডলার | ৯৩.৪৮ টাকা | ৯৫.২২ টাকা |
| পাউন্ড | ১২৫.৭৬ টাকা | ১২৯.৮৩ টাকা |
| ইউরো | ১০৮.৭৯ টাকা | ১১২.৫৪ টাকা |

★১০ লক্ষ টাকা কম লেনদেনের ক্ষেত্রে
[স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া থেকে পাওয়া দর]


### সন্ধান চাই



এই ছবিটা একটি শিশুপুত্রের, নাম অঙ্কুশ। বয়স- ৩ দিন, গায়ের রং- ফর্সা, উচ্চতা- ৪৩ সেঃমিঃ।

উপরের শিশুটিকে CWC, পূর্ব বর্ধমান-এর আদেশ অনুসারে আসানসোল বর্ধমান সেবাকেন্দ্র পরিচালিত বিশেষ দত্তক প্রদান কেন্দ্রে রাখা হয়েছে। উল্লিখিত শিশুটির সম্পর্কে কারও কোনও দাবী বা খবর জানা থাকলে অনুগ্রহ করে ২ মাসের মধ্যে যোগাযোগ করুন, এই ঠিকানায়- জেলা সমাজ কল্যাণ আধিকারিক করণ, ৩য় তল, বর্ধমান কালেক্টরেট বিল্ডিং, কাছারী রোড, কোর্ট কম্পাউন্ড, পূর্ব বর্ধমান-৭১৩১০১ (ফোন নং.- 9046141883), অন্যথায় শিশুটিকে দত্তক প্রদান-এর জন্য আইনগতভাবে মুক্ত ঘোষণা করা হবে।

Memo No: 131/ICA/PUB/BDN(ADVT)
Date: 27.04.2026

**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**
www.rbi.org.in
প্রেমিসেস বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়, মুম্বাই

**প্রস্তাব আহ্বান বিজ্ঞপ্তি**

**রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া মুম্বাইতে অবস্থিত রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার মুদ্রাসংগ্রহশালার (Monetary Museum) নবীকরণ ও সম্প্রসারণের লক্ষ্যে, যোগ্য সংস্থা/কোম্পানি/প্রতিষ্ঠানের কাছ থেকে প্রস্তাব আহ্বান করছে।**

বিস্তারিত তথ্যের জন্য এবং আরএফপি (প্রস্তাবের জন্য অনুরোধ) / আবেদনপত্র ডাউনলোড করতে, অনুগ্রহ করে এই ওয়েবসাইটের (www.rbi.org.in) "টেন্ডার" লিঙ্ক এবং/অথবা (www.dgciskol.gov.in) এর "ইন্ডিয়ান ট্রেড জার্নাল" লিঙ্কটি দেখুন। আরএফপি ডকুমেন্টটি 28শে এপ্রিল, 2026 থেকে 19ই মে, 2026 পর্যন্ত ডাউনলোডের জন্য উপলব্ধ থাকবে।

যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ 19 মে, 2026, বিকাল 3:00টা পর্যন্ত।

যেকোনো অতিরিক্ত তথ্য, সংশোধন বা সম্পূরক বিবরণ ব্যাঙ্কের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং কোনো সংবাদপত্রে প্রকাশ করব না।

ব্যাংক এই আরএফপি -এর আওতাধীন যেকোনো বা সমস্ত আবেদন প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।

**মুম্বাই** **ভারপ্রাপ্ত মুখ্য মহাপ্রবন্ধক**

"আপনাকে অর্থের প্রতিশ্রুতি জানানো ই-মেল/এসএমএস/কল দ্বারা প্রতারিত হবেন না"

পঃবঃ সরকার
জেলা শাসকের করণ
জেলা শিশু সুরক্ষা ইউনিট, বাঁকুড়া
(জেলা নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ বিভাগ, বাঁকুড়া)

**দাবীদারহীন শিশু**



এই শিশুটি প্রিয়াঙ্কা (মেয়ে), জন্ম তারিখ ১৬/০১/২০২৬, ওজন ৪৯৯০ গ্রাম, শ্যাম বর্ণ, উচ্চতা ৬১ সেমি এই শিশুটিকে গত ০৫/০২/২০২৬ শালতোড়া থানার কুলাবহাল গ্রামের বাসিন্দা শিশুটির মাতা ফাল্গুনী বেসরা CWC, Bankura এর কাছে রেখে যায় এবং প্রত্যর্পণ (Surrender) করার ইচ্ছা প্রকাশ করে। শিশুটির মাতার কথা অনুযায়ী শিশুটির পিতা শিশুটিকে গ্রহণ করতে অনিচ্ছুক।

CWC, Bankura-এর Case No. 088/2026, Dt. 05/02/2026 অনুযায়ী বর্তমানে চ্যামটাগোড়া আদিবাসী মহিলা সমিতি SAA Home এ নিরাপদে রাখা আছে।

শিশুটির কোন দাবীদার থাকলে অনুগ্রহ করে উপযুক্ত প্রমাণপত্র সমেত ২১ দিনের মধ্যে নীচের ঠিকানায় যোগাযোগ করবেন অন্যথায় উক্ত শিশুটিকে দত্তক প্রদানের জন্য আইনগত ভাবে মুক্ত ঘোষণা করা হবে।

১। শিশু কল্যাণ কমিটি, বাঁকুড়া, সুমঙ্গলম হোম, মড়ার, বিষ্ণুপুর, বাঁকুড়া, ফোন- ৮৪৩৬৯৫ ৯৬৭৫
২। জেলা শিশু সুরক্ষা ইউনিট (DCPU) বাঁকুড়া, ফোন- ৯৪৩৪২৫৪৪০১/ ৯০৬৪৫২৮৫৬৮/ ৯৪৭৪৯৯৪৫৬০

Sd/-
District Child Protection Officer
DCPU, Bankura

Sd/-
District Social Welfare Officer
Bankura

Memo No. 222/(1)/ADV/DICO/BNK
Date: 27.04.2026

পঃবঃ সরকার
জেলা শাসকের করণ
জেলা শিশু সুরক্ষা ইউনিট, বাঁকুড়া
(জেলা নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ বিভাগ, বাঁকুড়া)

**দাবীদারহীন শিশু**



এই শিশুটি প্রার্থনা (মেয়ে), জন্ম তারিখ ২৩/১১/২০২৫, ওজন ৪০০০ গ্রাম, ফর্সা, উচ্চতা ৫৬ সেমি। এই শিশুটিকে রেল পুলিশ বাঁকুড়া রেল স্টেশনে পুরুলিয়া - হাওড়া এক্সপ্রেস (Train No. 12828) ট্রেন থেকে উদ্ধার করে এবং Child Helpline মারফৎ CWC, Bankura এর Order No. 350/08/CWC/BNK, Dt. 23/04/2026 অনুযায়ী বর্তমানে চ্যামটাগোড়া আদিবাসি মহিলা সমিতি SAA Home এ নিরাপদে রাখা আছে।

শিশুটির কোন দাবীদার থাকলে অনুগ্রহ করে উপযুক্ত প্রমাণপত্র সমেত ২১ দিনের মধ্যে নীচের ঠিকানায় যোগাযোগ করবেন অন্যথায় উক্ত শিশুটিকে দত্তক প্রদানের জন্য আইনগত ভাবে মুক্ত ঘোষণা করা হবে।

১। শিশু কল্যাণ কমিটি, বাঁকুড়া, সুমঙ্গলম হোম, মড়ার, বিষ্ণুপুর, বাঁকুড়া, ফোন- ৮৪৩৬৯৫ ৯৬৭৫
২। জেলা শিশু সুরক্ষা ইউনিট (DCPU) বাঁকুড়া, ফোন- ৯৪৩৪২৫৪৪০১/ ৯০৬৪৫২৮৫৬৮/ ৯৪৭৪৯৯৪৫৬০

Sd/-
District Child Protection Officer
DCPU, Bankura

Sd/-
District Social Welfare Officer
Bankura

Memo No. 222/(1)/ADV/DICO/BNK,
Date: 27.04.2026




**কনসোলিডেটেড আর্থিক ফলাফলের সারাংশ ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বর্ষের জন্য** (কোটি টাকায় ইপিএস ব্যতীত)

| ক্রমিক নম্বর | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২৫ পুনরুল্লিখিত অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৫ পুনরুল্লিখিত নিরীক্ষিত | সমাপ্ত বর্ষ ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত বর্ষ ৩১.০৩.২০২৫ পুনরুল্লিখিত নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|---|
| ১ | কারবার থেকে মোট আয় | ৪৬৪৯০.০৩ | ৪২৪৩৬.৭৩ | ৪৩৯৬১.৫৬ | ১৬৮৪০০.২৯ | ১৬৯১৭৭.৩৭ |
| ২ | মেয়াদকালীন সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফার পূর্বে) | ১৪৬২৬.৭৫ | ৯৪৭২.৬১ | ১৩০৭০.৪৪ | ৪১৯২৩.০৯ | ৪৭১৬৩.৪৪ |
| ৩ | করের পূর্বে মেয়াদকালীন সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফার পরে) | ১৪৬২৬.৭৫ | ৯৪৭২.৬১ | ১৩০৭০.৪৪ | ৪১৯২৩.০৯ | ৪৭১৬৩.৪৪ |
| ৪ | করের পরে মেয়াদের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফার পরে) | ১০৮৩৯.১৮ | ৭১৫৭.৪৫ | ৯৭৫১.৬৪ | ৩১০৯৪.২৯ | ৩৫৫০৫.৭৮ |
| ৫ | মেয়াদকালীন সময়ের জন্য মোট সামগ্রিক আয় [(মেয়াদের জন্য লাভ/(ক্ষতি) (করের পরে) এবং অন্যান্য সামগ্রিক আয় (করের পরে) সম্বলিত] | ১১৫২০.৭২ | ৭২৯৮.৬০ | ৯৫৬৩.৬০ | ৩১৫২৮.০৮ | ৩৪৮৭৮.৯২ |
| ৬ | প্রদত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (শেয়ারের ফেস ভ্যালু প্রতিটি ১০ টাকা) | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি | | | | ১১২৯৩৮.৮৩ | ৯৫৫৫৭.৫৯ |
| ৮ | শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ১০ টাকার)* | | | | | |
| | প্রাথমিক ঃ (টাকায়) | ১৭.৫৯ | ১১.৬১ | ১৫.৮২ | ৫০.৪৬ | ৫৭.৬১ |
| | মিশ্রিত ঃ (টাকায়) | ১৭.৫৯ | ১১.৬১ | ১৫.৮২ | ৫০.৪৬ | ৫৭.৬১ |

* সমাপ্ত ত্রৈমাসিকের জন্য ইপিএস বার্ষিকীকৃত করা নয়

**স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের সারাংশ ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও বর্ষের জন্য** (কোটি টাকায় ইপিএস ব্যতীত)

| ক্রমিক নম্বর | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২৫ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত | সমাপ্ত বর্ষ ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | সমাপ্ত বর্ষ ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|---|
| ১ | কারবার থেকে মোট আয় | ৪৯০.১৯ | ৪২৬.৫৬ | ৪৮১.২৮ | ১৫৭৭.২৮ | ১৬২৬.২০ |
| ২ | মেয়াদকালীন সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফার পূর্বে) | ৫৮৭০.৯৩ | ৪৯০৫.৩২ | ৩১৯৭.৯২ | ১৯৩১৮.৪৫ | ১৭০৯৭.৫০ |
| ৩ | করের পূর্বে মেয়াদকালীন সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফার পরে) | ৫৮৭০.৯৩ | ৪৯০৫.৩২ | ৩১৯৭.৯২ | ১৯৩১৮.৪৫ | ১৭০৯৭.৫০ |
| ৪ | করের পরে মেয়াদের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফার পরে) | ৫৫৩৩.৬৭ | ৪৮৭২.১৭ | ৩১৪৮.৮৭ | ১৮৮৬৩.৯৩ | ১৭০১৬.৫৬ |
| ৫ | মেয়াদকালীন সময়ের জন্য মোট সামগ্রিক আয় [(মেয়াদের জন্য লাভ/(ক্ষতি) (করের পরে) এবং অন্যান্য সামগ্রিক আয় (করের পরে) সম্বলিত] | ৫৫৩৫.২৮ | ৪৮৭৭.২১ | ৩১২৩.৩৩ | ১৮৮৫৪.৪০ | ১৬৯৮৩.৯৬ |
| ৬ | প্রদত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (শেয়ারের ফেস ভ্যালু প্রতিটি ১০ টাকা) | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ | ৬১৬২.৭৩ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি | | | | ১৪৪৯২.৭৫ | ১১৯০৮.১২ |
| ৮ | শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ১০ টাকার)* | | | | | |
| | প্রাথমিক ঃ (টাকায়) | ৮.৯৮ | ৭.৯১ | ৫.১১ | ৩০.৬১ | ২৭.৬১ |
| | মিশ্রিত ঃ (টাকায়) | ৮.৯৮ | ৭.৯১ | ৫.১১ | ৩০.৬১ | ২৭.৬১ |

* সমাপ্ত ত্রৈমাসিকের জন্য ইপিএস বার্ষিকীকৃত করা নয়

দ্রষ্টব্য ঃ

১। সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং বর্ষের জন্য কনসোলিডেটেড (সাবসিডিয়ারিসমূহ/যৌথভাবে নিয়ন্ত্রিত সংস্থাগুলিতে শেয়ার সমেত) এবং স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের বিশদ বয়ানের সারাংশ হল উপরোক্ত ফলাফল। ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং বর্ষের জন্য আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইটে এবং কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে।
**কোম্পানির ওয়েবসাইট ঃ www.coalindia.in | বিএসই লিমিটেড ঃ www.bseindia.com | এনএসই লিমিটেড ঃ www.nseindia.com**

২। উপরোক্ত আর্থিক ফলাফল অডিট কমিটি দ্বারা পর্যালোচিত ও সুপারিশ করা হয়েছে এবং তারপরে বোর্ড অফ ডিরেক্টরস দ্বারা ২৭.০৪.২০২৬ তারিখে সংশ্লিষ্ট সভায় অনুমোদিত হয়েছে। সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুসারে প্রয়োজনমাফিক ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং বর্ষের জন্য উপরোক্ত আর্থিক ফলাফল বিধিবদ্ধ অডিটরগণ দ্বারা পর্যালোচিত হয়েছে।

৩। কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১৩৩-এর অধীনে উল্লিখিত কোম্পানিস (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস, ২০১৫ ("ইন্ড এএস") অনুসারে কোম্পানির আর্থিক ফলাফল প্রস্তুত করা হয়েছে (বিশদ দ্রষ্টব্যের জন্য উপরিল্লিখিত দ্রষ্টব্য নং ১-এ উল্লিখিত ওয়েবসাইটগুলি দেখুন)।

তারিখ ঃ ২৭.০৪.২০২৬
স্থান ঃ কলকাতা

স্বাঃ
(বি. সাইরাম)
চেয়ারম্যান-কাম-ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও
DIN – 09784229

স্বাঃ
(মুকেশ অগ্রবাল)
ডিরেক্টর (ফিনান্স) এবং সিএফও
DIN – 10199741

কোল ভবন, প্রেমিসেস নং ৪, এমএআর,
প্লট নং এএফ-III, অ্যাকশন এরিয়া-১এ, নিউ টাউন,
রাজারহাট, কলকাতা ৭০০১৫৬
CIN : L23109WB1973GOI028844

অনিরীক্ষিত আর্থিক ফলাফল দেখার জন্য কিউআর কোড স্ক্যান করুন

ভারতের সশক্তিকরণ | উন্নত মানের জীবনযাপন | প্রকৃতিকে লালনপালন